
দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...



বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ

# বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদের শাহাদাত বার্ষিকী আজ

**নিজস্ব সংবাদদাতা, নড়াইল, ৪ সেপ্টেম্বর ॥** বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখের ৪৫তম শাহাদাতবার্ষিকী সোমবার। ১৯৭১ সালের ৫ সেপ্টেম্বর যশোরের গোয়ালহাটি ও ছুটিপুরে পাকবাহিনীর সঙ্গে যুদ্ধে মৃত্যুবরণ করেন নূর মোহাম্মদ। যশোরের শার্শা থানার কাশিপুর গ্রামে তাকে সমাহিত করা হয়। ১৯৩৬ সালের ২৬ ফেব্রুয়ারি নড়াইল সদর উপজেলার মহিষখোলা গ্রামে জন্মগ্রহণ করেন নূর মোহাম্মদ শেখ। বাবা আমানত শেখ ও মা জেন্নাতুন্নেছা, মতান্তরে জেন্নাতা খানম। বাল্যকালেই বাবা-মাকে হারান। স্ত্রী বেগম ফজিলাতুন্নেসা, ছেলে গোলাম মোস্তফা কামাল ও তিন মেয়ে আছেন। তাঁর ৪৫তম শাহাদাতবার্ষিকী পালন উপলক্ষে 'বীরশ্রেষ্ঠ শহীদ নুর মোহাম্মদ শেখ ট্রাস্ট' নড়াইলের নুর মোহাম্মদ নগরে ও যশোরের শার্শায় উপজেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচী পালন করছে।

পাকবাহিনীর গুলিতে সহযোদ্ধা নান্নু মিয়া গুরুতর আহত হলেও নূর মোহাম্মদ শেখ হাতে এলএমজি এবং আহত নান্নু মিয়াকে কাঁধে নিয়ে শত্রুপক্ষের দিকে গুলি ছোড়ার সময়ে পাকবাহিনীর মর্টারের আঘাতে তার হাটু ভেঙ্গে যায়। এক সময় মৃত্যুর কোলে ঢলে পড়েন নূর মোহাম্মদ। যশোরের শার্শা উপজেলার কাশিপুর গ্রামে তাকেসহ সাত শহীদকে সমাহিত করা হয়। তিনি 'বীরশ্রেষ্ঠ' খেতাবে ভূষিত হন।